

সংবাদ

শিক্ষক নিবন্ধন পরীক্ষা দু'হাজার পরীক্ষার্থী প্রবেশপত্র পায়নি

নিজস্ব বার্তা পরিবেশক

এনটিআরসিএ'র গাফিলতির কারণে ২০১৫ সালের শিক্ষক নিবন্ধন পরীক্ষায় অংশগ্রহণ করতে যাওয়া প্রায় দুই হাজার পরীক্ষার্থী এখনও প্রবেশপত্র পায়নি। নিবন্ধন কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী শিক্ষার্থীরা প্রয়োজনীয় কাগজ বা সনদপত্র এনটিআরসিএ বরাবর পাঠালেও অনেকের সনদ খোঁয়া গেছে বা জমা হয়নি। এর ফলে প্রায় দুই হাজার শিক্ষার্থী শিক্ষক নিবন্ধনের চূড়ান্ত পরীক্ষায় অংশ নিতে পারছে না। গতকাল জাতীয় প্রেসক্লাবের সামনে প্রায় শতাধিক পরীক্ষার্থী প্রবেশপত্র : পৃষ্ঠা : ২ ক : ৬

প্রবেশপত্র : পায়নি

(১৬ পৃষ্ঠার পর)

মানববন্ধনে এই অভিযোগ করেন। মানববন্ধনে শিক্ষার্থীসহ তাদের অভিভাবকরাও উপস্থিত ছিলেন। তারা বলেন, 'শিক্ষা মন্ত্রণালয়ের এনটিআরসিএ'র (শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ) অবহেলার কারণে দুই হাজার পরীক্ষার্থী প্রবেশপত্র পায়নি। চলতি আগামী ৩১ আগস্ট পরীক্ষা। আমাদের বাদ দিয়ে যেন এই পরীক্ষা না হয়।' প্রবেশপত্র ফিরে পাওয়ার জন্য প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রী ও শিক্ষা সচিবের কাছে আবেদন জানান তারা।

বক্তারা এনটিআরসিএকে অভিযুক্ত করে তারা বলেন, চিঠি আনা-নেয়া সংক্রান্ত অবহেলার কারণে প্রবেশপত্র পায়নি শিক্ষার্থীরা। এবার এনটিআরসিএ'র প্রিলিমিনারি পরীক্ষায় উত্তীর্ণ ১৩ শতাংশ শিক্ষার্থী চূড়ান্ত নিবন্ধন পরীক্ষায় অংশ নিচ্ছে। প্রিলিমিনারি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী আঁবদুল্লাহ বাকী বলেন, 'লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য আমার কাছে প্রয়োজনীয় সনদের হার্ড কপি চেয়েছে এনটিআরসিএ। আমি নিয়মানুযায়ী ডাকযোগে সেগুলো পাঠিয়েছি। কিন্তু এখন নিবন্ধন কর্তৃপক্ষ আমাকে বলছে তারা সনদপত্র পায়নি। আমি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের অযোগ্য।' ক্ষুব্ধ পরীক্ষার্থীরা এনটিআরসিএ'র চেয়ারম্যান অভিরিক্ত সচিব মো. আজহারের সঙ্গে গতকাল সাফাৎ করতে গেলে দুর্ব্যবহারে করে পুলিশের ডয় দেখান শিক্ষার্থীদের। নিরুপায় হয়ে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন পরীক্ষার্থীরা। এ বিষয়ে বক্তব্য জানানতে অভিরিক্ত সচিব মো. আজহারের সঙ্গে সেলফোনে একাধিকবার যোগাযোগের চেষ্টা করলেও তিনি তা ধরেননি।